

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৫৫৮

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৪০. শাক্ক কবর।

بَابِ مَا جَاءَ فِي الشَّقِّ

আরবী

حَدَّثَنَا عُمَرُ بْنُ شَبَّةَ بْنِ عُبَيْدَةَ بْنِ زَيْدِ حَدَّثَنَا عُبَيْدُ بْنُ طُفَيْلِ الْمُقْرِئُ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي مُلَيْكَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا مَاتَ رَسُولُ اللهِ صلى بْنُ أَبِي مُلَيْكَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ لَمَّا مَاتَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم اخْتَلَفُوا فِي اللَّحْدِ وَالشَّقِّ حَتَّى تَكَلَّمُوا فِي ذَلِكَ وَارْتَفَعَتْ أَصْوَاتُهُمْ فَقَالَ عُمَرُ لَا تَصِخْبُوا عِنْدَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم حَيًّا وَلَا وَلا مَيِّا أَوْ كَلِمَةً نَحْوَهَا فَأَرْسَلُوا إِلَى الشَّقَّاقِ وَاللَّحِدِ جَمِيعًا فَجَاءَ اللَّاحِدُ فَلَحَدَ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم ثَمَّ لُول اللهِ صلى الله عليه وسلم ثَمَّ لُول إللهِ صلى الله عليه وسلم قُمَّ دُونَ صلى الله عليه وسلم في الله عليه وسلم عليه وسلم الله عليه وسلم عليه وسلم الله عليه وسلم في الله عليه وسلم الله عليه وسلم

বাংলা

২/১৫৫৮। 'আরিশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ইনতিকাল করেন, তখন সাহাবীগণ তাঁকে লাহ্দ অথবা শাক্ক কবরে দাফন করার ব্যাপারে মতভেদ করেন, এমনকি তারা এ নিয়ে বাদানুবাদে রিপ্ত হন এবং তাদের কণ্ঠস্বর উচু হয়ে যায়। 'উমার (রাঃ) বলেন, তোমরা জীবিত ও মৃত কোন অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উচ্চ কণ্ঠে বিতন্তা করো না অথবা অনুরূপ কিছু বলেছেন। তোমরা শাক্ক ও লাহ্দ খননকারী সকলের নিকট খবর পাঠাও। অতএব লাহ্দ কবর খননকারী (আগে) আসলো এবং সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য লাহ্দ কবর খনন করলো, অতঃপর তাঁকে দাফন করা হলো।

English

It was narrated that 'Aishah said:

"When the Messenger of Allah (ﷺ) died, they differed as to whether his grave should have a niche or a ditch in the ground, until they spoke and raised their voices concerning that. Then 'Umar said: 'Do not shout in the



presence of the Messenger of Allah (ﷺ), living or dead,' or words to that effect. So they sent for both the one who made a niche and the one who dug graves without a niche, and the one who used to make a niche came and dug a grave with a niche for the Messenger of Allah (ﷺ), then he (ﷺ) was buried."

ফুটনোট

মিশকাত দ্বিতীয় তাহকীক ১৭০০।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী উবায়দ বিন তুফায়ল আল-মুকরী সম্পর্কে হাদিস বিশারদগণ বলেন, তিনি অপরিচিত। ২. আব্দুর রহমান বিন আবু মুলায়কাহ আল কুরাশী সম্পর্কে আহমাদ বিন হাম্বল ও ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি সিকাহ নন। ইবনু খিরাশ তাকে দুর্বল বলেছেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তার একাধিক দুর্বল হাদিস রয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন